

সৈনিক জনকর্প

ঢাকা ॥ সোমবার

১৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বারিতে পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্বোধন

স্টাফ রিপোর্টার গাজীপুর থেকে জানান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। মুজিববর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচীর অংশ হিসেবে রবিবার এ কর্মসূচী পালিত

হয়। গাজীপুরে বারির প্রশাসনিক ভবনের সামনে সকালে বেলুন উড়িয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ও উক্ত কর্মসূচীর বারির ফোকাল পয়েন্ট কর্মকর্তা হাবিবুর রহমান শেখ। এ সময় উপস্থিত ছিলেন

মুজিববর্ষ

পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মোঃ মিয়াবুদ্দীন, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, পরিচালক (তেলবীজ গবেষণা কেন্দ্র) দিল আফরোজা খানম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এস এম শরিফুজ্জামান প্রমুখ।

গ্রুপ প্রধান উপদেষ্টা সম্পাদক : র আম উবায়দুল মোকতাদির চৌধুরী

আমাদেদেওর্থনীতি

সোমবার ● ১৮ ফাল্গুন ১৪২৬ ● ০২ মার্চ ২০২০

গাজীপুর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন

মিলটন খন্দকার : [২]
রোববার সকালে বারি'র
প্রশাসনিক ভবনের সম্মুখে,
বেলুন উড়িয়ে উক্ত
কার্যক্রমের উদ্বোধন করেন,
বারি'র পরিচালক (সেবা ও
সরবরাহ) ও উক্ত কর্মসূচির
বারি'র ফোকাল পয়েন্ট
কর্মকর্তা মো. হাবিবুর রহমান
শেখ।

[৩] এ সময় অন্যদের
মধ্যে উপস্থিত ছিলেন,
পরিচালক (প্রশিক্ষণ ও
যোগাযোগ) ড. মো. মিয়াবুদ্দীন, পরিচালক (উদ্যানতত্ত্ব
গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, পরিচালক (তৈলবীজ
গবেষণা কেন্দ্র) মোছা. দিলআফরোজা খানম, পরিচালক
(কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এস. এম. শরিফুজ্জামান,
গাজীপুর সিটি কর্পোরেশনের ২৭নং ওয়ার্ডের কাউন্সিলর
মো: জাবেদ আলীসহ (জবে) বারি'র বিভিন্ন বিভাগের



বিভাগীয় প্রধান, বিজ্ঞানী,
কর্মকর্তা, কর্মচারী,
শ্রমিকবৃন্দ এবং বারি বিজ্ঞানী
সমিতি, বারি কর্মচারী সমিতি
ও বারি শ্রমিক ক্লাবের
নেতৃবৃন্দ।

[৪] উক্ত কার্যক্রমের স্বল্প,
মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা
পাঠ করেন ইনস্টিটিউটের
সিনিয়র সহকারী পরিচালক
(প্রশাসন) মো: মাহমুদুল
হাসান।

[৫] এ কর্মসূচির
অংশ হিসেবে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশক্রমে স্বল্প, মধ্য ও
দীর্ঘমেয়াদী পরিকল্পনায় বারি'র সকল বিভাগ, কেন্দ্র, শাখার
ভবন ও আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নকরণ কার্যক্রম
প্রতিদিন অফিস শুরুর পূর্বে সম্পন্ন এবং সেটা ফোকাল পয়েন্ট
কর্মকর্তা কর্তৃক সাপ্তাহিক পরিদর্শন ও মূল্যায়ন করা হবে।
সম্পাদনা: সৈকত

